গাংনীতে পৃথক অভিযানে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে মাদক সহ শরিফুল ইসলাম (২৮) ও খাইরুল ইসলাম
(৫২) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটককৃত শরিফুল ইসলাম খাস মহল গ্রামের সুরমান আলীর ছেলে এবং খাইরুল ইসলাম কাজিপুরের খলিলুর রহমানের ছেলে।

মেহেরপুর জেলা পুলিশের মিডিয়া ফোকাল পয়েন্ট সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলার গাংনী থানার বামুন্দি পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই শরীফুলের নেতৃত্বে খাসমহল বাজারপাড়া এলাকায় পরিচালিত একটি অভিযানে ২৪৫ বোতল ফেনসিডিলসহ শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে এবং একই থানাধীন ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আবুল কালাম আজাদের নেতৃত্বে আরেকটি অভিযানে ৫০০ গ্রাম গাঁজাসহ খায়রুল ইসলাম
(৫২) কে গ্রেফতার করা হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম জানান,আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে করা হয়েছে।

মেহেরপুরে তিন ব্যবসায়ীর ১২ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার চৌগাছা ও সাহারবাটি বাজারে পৃথক অভিযান চালিয়ে বেকারি ও ফার্মেসী, মিষ্টি ব্যবসায়ীর ১২ হাজার জরিমানা করেছে ভোক্তা অধিকার।

আজ বুধবার দুপুরে মেহেরপুর ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন ।

তিনি জানান, চৌগাছা বাজারের মেসার্স স্বপছোয়া বেকারি

অস্বাস্থ্যকর প্রক্রিয়ার খাদ্যপণ্য তৈরি, খাবারে নিষিদ্ধ জিনিস ব্যবহার ও মেয়াদ, মুল্য ওজন, মোড়কীকরণ বিধি অমান্য করায় প্রতিষ্ঠানের মালিক নাহারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ও ৪৩ ধারায়
৫ হাজার টাকা জরিমানা করা হয়।

পরে উপজেলার সাহারবাটি বাজারে মেসার্স জেরিন ফার্মেসীতে অভিযান চালিয়ে প্রচুর মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল জব্দ করা হয়।

মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটির মালিক জয়নাল আবেদিনকে একই আইনের ৫১ ধারায় ৫হাজার টাকা এবং মেসার্স আরাফাত মিষ্টান্ন ভান্ডারের মালিক রাজুকে ৩৭ ও ৪৩ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

সকলকে ভোক্তা অধিকার বিরোধী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়। এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযানে সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা স্বাস্থ্য পরিদর্শক মশিউর রহমান

গাংনীতে দূরপাল্লার বাসের ধাক্কায় প্রাণ হারালেন ভ্যান চালক,আহত ৫

মেহেরপুরের গাংনীর ফতাইপুর গ্রামে দ্রুতগতির বাস চাপায় প্রাণ হারালেন পাখিভ্যান চালক বুলবুল হোসেন (৪২)। আহত হয়েছেন শিশু নারীসহ অন্তত ৫ জন।

আজ বুধবার (২০ ডিসেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চেংগাড়া গ্রামে এই দুর্ঘটনা ঘটে।

এতে ভ্যান চালক বুলবুল হোসেনসহ ৫ জন আহত হন।আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত জরুরী বিভাগের চিকিৎসক ফারুক হোসেন বুলবুল হোসেনকে মৃত্যু ঘোষনা করেন।নিহত বুলবুল গাংনী উপজেলার দুর্লভপুর গ্রামের আব্দুর রহমানের ছেলে।

আহতরা হলেন, এসবি পরিবহনের হেলপার কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার বিজনগর গ্রামের মীর মেজবাউল ইসলামের ছেলে নাহিদ ইসলাম (২৫), চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের লুৎফর রহমানের ছেলে আবু বক্কর (২০), গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকার তৌফিকুর রহমান তৈয়বুর রহমান (৮), মালশাদহ গ্রামের পল্লব হোসেন (৩০)।

বাসযাত্রী পল্লব হোসেন বলেন, বাসের চালক খোস গল্প করছিলেন। বাসটি দ্রুতগামী হওয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে ভ্যানটিকে ধাক্কা দেই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, মেহেরপুর থেকে ঢাকার উদ্দেশ্য ছেড়ে যাওয়া এসবি পরিবহনের একটি বাস যার নং ঢাকা মেট্রো- ব- ১৫- ৩১২০ চেংগাড়া ফতাইপুর নামক স্থানে বিপরীতে দিক থেকে আসা খড়িবোঝাই একটি পাখি ভ্যানকে মুখোমুখি ধাক্কা দিলে ভ্যানটি পার্শ্ববর্তি খাদে পড়ে যায়। এসময় ওই বাসটিও খড়িবোঝাই ভ্যানসহ খাদে পড়ে যায়। ঘর্টনা স্থানে থানা পুলিশের একটা টিম পাঠানো হয়েছে।

তিনি আরো বলেন, আমাদের থানা পুলিশের একটা টিম নিহতের মরদেহ উদ্ধার করেছে। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে ১২ বোতল বিদেশি মদ সহ আটক ২

মেহেরপুরে ডিবির অভিযানে ১২ বোতল বিদেশি মদ সহ ২জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

আজ বুধবার সকালে মেহেরপুরের কাঁথুলি বাসস্ট্যান্ড থেকে মহির উদ্দিন ও মাহফুজ নামের দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। এ ছাড়াও বিদেশি মদ পাচারের সময় তাদের কাছে থাকা ইজিবাইকটি ডিবি পুলিশ তাদের হেফাজতে নেয়।

আটককৃত মহির উদ্দিন (৪০) মেহেরপুর পৌরসভার ৪নং ওয়ার্ড কালাচাঁদপুরের জাদুর ছেলে ও মাহফুজ (২১) একই এলাকার বাবর আলীর ছেলে।

মেহেরপুর ডিবি পুলিশের এস আই মহাসিনের নেতৃত্বে একটি চৌকষ দল মাদক ব্যবসায়ীদের আটক করে।

অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে -ইসি আহসান হাবিব খান

‘বর্তমান নির্বাচন কমিশন গণমাধ্যম বান্ধব। সাংবাদিকদের দায়িত্ব পালনে বাধা দিলে, আক্রমণ বা ক্যামেরা ও মোবাইল ভাঙচুর করলে সাত বছর জেলের বিধান রেখে আইন আমরাই করেছি। গণমাধ্যম কর্মীদের আমি অনুরোধ করছি আপনারা সাদাকে সাদা ও কালোকে কালো বলবেন। আপনারা অনুমোদিত গণমাধ্যমের কার্ডধারী সাংবাদিকগন কেন্দ্র ও ভোট গণনা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে ভোট গণনা কালে আপনাদের ক্যামেরা ধরে থাকবেন।’

গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং অফিসার শামীম হাসানের সম্মেলন কক্ষে মেহেরপুর ও চুয়াডাঙ্গার জেলার প্রতিদ্বন্দ্বী প্রার্থী, রিটার্নিং কর্মকর্তা ও আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাসহ নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের ব্রিফিং কালে এসব কথা বলেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অব:)। মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা জেলার ২ টি আসনের ১৩ জন এবং মেহেরপুর জেলার ২ টি আসনের ১৩ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থী

উপস্থিত ছিলেন।

ব্রিফিং এ ইসি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অব:) আরও বলেন, ‘ প্রধান বিরোধী দল বিএনপিসহ সমমনা দলগুলোকে নির্বাচনে আনতে সর্বাত্মক চেষ্টা চালানো হয়েছে। বাকি ছিল শুধু তাদের পা ধরা। রাজনৈতিক দলগুলোর যে সকল প্রার্থীরা নির্বাচনে অংশ নিচ্ছেন তারা যদি আন্তরিক না হন তাহলে অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজন করা কমিশনের পক্ষে সম্ভব নয়। আমরা দায়িত্ব নেওয়ার পর যে কয়টি নির্বাচন করেছি সেগুলো ব্যাপক ভাবে গ্রহনযোগ্য হয়েছে। সে নির্বাচন গুলি অবশ্য ইভিএম এ হয়েছে। এবার কেউ ইভিএম চাচ্ছে না। এজন্যই এবার আমরা ইভিএম থেকে সরে ব্যালটে এসেছি।

প্রার্থীদের অতি উৎসাহী কর্মীরা বিশৃঙ্খলা তৈরি করে নির্বাচনী পরিবেশ নষ্ট করে। আমরা প্রার্থীদের সঙ্গে বিষয়গুলো নিয়ে আলোচনা করেছি। আমরা এবার জেলা প্রশাসকের জেলা রিটার্নিং কর্মকর্তা ঘোষণা করেছি। আমাদের দৃঢ় আত্মবিশ্বাস রয়েছে, আমাদের এবারের টিম এবার ম্যাশিনের মতো কাজ করবে।

মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ডে নির্বাচনী অফিস উদ্বোধন

মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগের মনোনীত সংসদ সদস্য প্রার্থী ফরহাদ হোসেনের নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

আজ মঙ্গলবার রাতে মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড নতুন পাড়া মোড়ে নির্বাচনী অফিস উদ্বোধনের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহীন তানিমের সঞ্চালনায় মেহেরপুর পৌরসভার ১নং ওর্য়াড নতুন পাড়া আওয়ামী লীগের সভাপতি আনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ, তানসেন, হায়াৎ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৮৭ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরে র্যাবের অভিযানে ৮৭ পিস ইয়াবা ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী র্যাব সিপিসি ১২ র একটি দল।

গতকাল সোমবার (১৮ ডিসেম্বর) রাত ১০ টার দিকে গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান চালিয়ে আনিছুর রহমান হিড়কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী মোঃ আনিছুর রহমান হিড়(৩৩),গাংনী থানার মোহাম্মদপুর বাগানপাড়া গ্রামের মোঃ আসাদুল হিড়ের ছেলে।

গাংনী র্যাব সিপিসি ১২ ক্যাম্পের কোম্পানীর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, অতিরিক্ত ডিআইজি (অধিনায়ক র্যাব-১২) মোঃ মারুফ হোসেন পিপিএমের নির্দেশনায় একটি চৌকষ দল গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান পরিচালনা করে ৮৭ (সাতাশি) পিস ইয়াবা ট্যাবলেট সহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার সকালের দিকে গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

হলিউড এর পাশেই গড়ে উঠেছে ‘লিটল বাংলাদেশ’

২০২৩ সালের সেপ্টেম্বর মাসে আমি জাহাজ নিয়ে চায়না থেকে লং বিচ পোর্টে যাই। লং বিচ সমুদ্র বন্দরটি আমেরিকার ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের লস অ্যাঞ্জেলেস শহরে অবস্থিত। আমার সী ক্যারিয়ারে প্রথমবারের মতো আমি ক্যালিফোর্নিয়াতে যাই। যদিও প্রায় প্রতিবছরই জাহাজে কারগো বা মালামাল লোডিং বা ডিসচার্জিং করার জন্য একাধিকবার আমেরিকার বিভিন্ন পোর্টে যেতে হয়। আমাদের জাহাজটি আয়রন ওর লোডিং করার জন্য আমেরিকার লং বিচ পোর্ট এ গিয়েছিল। সমুদ্র বন্দরটিতে আমরা প্রায় ৫ দিন অবস্থান করেছিলাম। লোডিং একটু ধীর গতিতে হওয়াই আমরা একাধিকবার লস অ্যাঞ্জেলেস শহরটি ঘুরে দেখার সুযোগ পেয়েছিলাম।

লস অ্যাঞ্জেলেস শহরকে সিটি অফ অ্যাঞ্জেলেস বা দেবদূতের শহর বলা হয়। এটি বিশ্বের বিনোদন রাজধানী হিসেবেও পরিচিত। বহু বছর ধরে বিশ্বের বিভিন্ন গনমাধ্যমে প্রচারিত চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠানের সুবাদে শহরটির এক ধরনের গৌরবময় ও চাকচিক্যমন্ডিত মূর্তি সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে। বৃক্ষ সৌভিত রাজপথ, মহাসমুদ্র পারের বেলাভূমি ও হলিউডের সব তারকাদের শহর লস অ্যাঞ্জেলেস কোটি কোটি মানুষের কাছে স্বপ্নের শহর।
লস অ্যাঞ্জেলেস শহরে গুরুত্বপূর্ণ টুরিস্ট স্পট গুলোর অন্যতম হলো হলিউড সাইন, ইকোপার্ক, অলভেরা স্ট্রিট, অ্যাঞ্জেলেস নগর ভবন, গৃফিত মানমন্দির,ভেনিস সৈকত ইত্যাদি।

নাগরিক কেন্দ্রের ১১ কিলোমিটার উত্তর পশ্চিমে হলিউড এলাকাটি অবস্থিত যেখানে মার্কিন চলচ্চিত্র শিল্পের প্রাণকেন্দ্র। এখানকার শিক্ষা প্রতিষ্ঠান এর মধ্যে ইউনিভার্সিটি অফ সাউদার্ন ক্যালিফোর্নিয়া, অক্সিডেন্টাল কলেজ এবং ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া এট লস অ্যাঞ্জেলেস উল্লেখযোগ্য। শহর কেন্দ্র থেকে ৩০ কিলোমিটার দূরে অবস্থিত লস অ্যাঞ্জেলেস ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট বিশ্বের চতুর্থ ব্যস্ততম বিমানবন্দর।

মেহেরপুর ১ আসনে স্বতন্ত্র প্রার্থী জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনের স্বতন্ত্র প্রার্থী মোঃ জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ করা হয়েছে।

আজ সোমবার (১৮ ডিসেম্বর) বিকেলে থেকে রাত পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন ও আমঝুপি ইউনিয়নের বিভিন্ন গ্রামে এ গনসংযোগ করা হয়।

গণসংযোগের নেতৃত্ব দেন ইসলাম হোসেন। এসময় তার সাথে ফকির মোহাম্মদ ও অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
এসময় তারা বিভিন্ন শ্রেণী পেশার মানুষের কাছে ঈগল মার্কায় ভোট ও দোয়া চান।

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে পুলিশ সুপারের মতবিনিময়

মেহেরপুরের বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার এস এম নাজমুল হক।

আজ সোমবার দুপুর ১২টায় পুলিশ সুপারের কনফারেন্সে রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খানের সঞ্চালনায় মেহেরপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি আলামিন হোসেন,

সাবেক সভাপতি ফারুক হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, দেশ রুপান্তর প্রতিনিধি তুহিন আরন্য, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম।

আলোচনায় সাংবাদিকরা মেহেরপুরের অনলাইন জুয়া, মাদক পাচার, ডলাল পাচার, সোনা পাচার, মানব পাচার, ছিনতাই, চুরিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের বর্তমান পরিস্থিতি তুলে ধরেন। একই সঙ্গে চলমান দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা এবং পুলিশের ভুমিকা নিয়েও আলোচনা করেন।

পুলিশ সুপার এস এম নাজমুল হক তাঁর বক্তব্যে বলেন, জনগণের সার্বিক নিরাপত্তা নিয়ে পুলিশ আরো বেশি ভুমিকা পালন করবে। সড়ক দুর্ঘটনা রোধে টেকসই পদ্ধতি গ্রহণ করা হবে যাতে রোধ করা সম্ভব হয়। অনলাইন জুয়া, মাদক, মানবপাচারসহ শান্তিপূর্ণ মেহেরপুর গড়ে তোলার লক্ষে সাংবাদিকদের সকল প্রকার সহযোগীতায় কামনা করেন।